

Departure of Indian Air Force special flight carrying medical assistance to Wuhan, China

February 26, 2020

চিকিৎসা সাহায্য সাথে নিয়ে ভারতীয় বিমান বাহিনীর বিশেষ উড়ানের চিনের উহানের উদ্দেশ্যে পাড়ি

ফেব্রুয়ারি 26, 2020

ভারতীয় বিমান বাহিনীর একটি বিশেষ বিমান 15 টনের চিকিৎসা সাহায্য যার মধ্যে রয়েছে মাস্ক, গ্লাভস এবং জরুরি চিকিৎসা সংক্রান্ত যন্ত্রপাতি নিয়ে 26 ফেব্রুয়ারি 2020 তে চিনের উহানের উদ্দেশ্যে যাত্রা করেছে।

চিনে করোনা ভাইরাসের (কোভিড 19) প্রাদুর্ভাব শুরু হওয়ায় এবং মাস্ক ও অন্যান্য চিকিৎসা সরঞ্জাম পাঠানোর জন্য চিনের অনুরোধে এই সাহায্য পাঠান হচ্ছে। 8 ফেব্রুয়ারি 2020 প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রেসিডেন্ট জি জিনপিং কে চিঠি লিখে ভারতীয় জনগন ও ভারতীয় সরকারের সাথে চিনের জনগন ও সরকারের মধ্যে ঐক্যের কথা এবং প্রয়োজনের সময় এই সাহায্য যে উপহার হিসেবে দেওয়া হল তা জানিয়েছেন। এই চিকিৎসা সাহায্য এই সংক্রমণের প্রাদুর্ভাব যা বিশ্ব স্বাস্থ্য সংস্থা আপৎকালীন জনস্বাস্থ্য অবস্থা বলেছে তা নিয়ন্ত্রণ করতে চিনের প্রচেষ্টাকে ত্বরান্বিত করবে।

এই সাহায্য যা আজকে পাঠান হল তা ভারত ও চিনের জনগনের মধ্যে বন্ধুত্ব ও ঐক্য এবং এই বছর ভারত ও চিনের মধ্য কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 70 তম বছর উদযাপনের একটি নিদর্শন হয়ে রইল।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতিবেশী সুলভ প্রথম নীতি অনুযায়ী ভারতীয় বিমান বাহিনীর এই উড়ান কিছু ভারতীয় এবং কিছু প্রতিবেশী দেশের নাগরিক যারা ভারতে আসার জন্য সহায়তা চেয়েছে তাদের ফিরিয়ে নিয়ে আসবে।

নিউ দিল্লী

ফেব্রুয়ারি 26, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.